গাংনীতে দুই মোটরসাইকেল সংঘর্ষে কলেজ শিক্ষকের মৃত্যু

মেহেরপুর গাংনীতে মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে কাজিপুর কলেজের সহকারী অধ্যাপক ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা পরিচালক রিয়াজ আহমেদ(৪৫) নিহত হয়েছেন।

আজ মঙ্গলবার (২ জানুয়ারী) তিনটার সময় ঢাকা ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। রিয়াজের মামাত ভাই বশির আহমেদ এ তথ্য নিশ্চিত করেন।

রিয়াজ আহমেদ গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামের মাঠপাড়া এলাকার আহমেদ আলীর ছেলে। সে কাজিপুর ডিগ্রি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা পরিচালক। তিনি বাংলাদেশ ছাত্রলীগের গাংনী উপজেলা শাখার সাবেক সভাপতি ছিলেন।

গতকাল সোমবার (১ জানুয়ারী) সকাল সাড়ে ৭ টার সময় মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের চেংগাড়া চোখতোলা মাঠের মাঝখানে বিপরীতে দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মারাত্বক আহত হন। এঘটনায় অপর মোটরসাইকেল আরোহী সোনালী ব্যাংকের জোড়পুকুরিয়া শাখার ক্যাশিয়ার রাসেল আহম্মেদ আহত হন।

স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে আসলে কর্মরত চিকিৎসক বোধা দাস গুপ্ত (বিডি দাস) তাদের দুজনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রিয়াজ আহমেদের অবস্থার আরো অবনতি হলে দুপুরের দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখান থেকে ঢাকা ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্স হাসপাতালে নেয়া হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম নিহতের পারিবারিক সুত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেন।

মেহেরপুরে গরু বাচাতে যেয়ে বিদ্যুৎস্পৃষ্ট, অতঃপর মৃত্যু

মেহেরপুরের রাজনগর গ্রামে নিজ বাড়িতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তরিকুল ইসলাম (৩০) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। তরিকুল ইসলাম সদর উপজেলার রাজনগর গ্রামের মোল্লাপাড়ার লিয়াকত আলীর ছেলে।

আজ বুধবার (৬ ডিসেম্বর) সকাল সাড়ে ১০ টায় নিজ বাড়িরতেই লালন পালন করা একটি গরুকে বিদ্যুতায়িত হওয়া থেকে বাঁচাতে যেয়ে তরিকুল নিজেই বিদ্যুতস্পৃষ্ট হয়।

প্রত্যক্ষদর্শী ও এলাকাবাসীরা জানায় তরিকুল বিদ্যুৎ মিস্ত্রি হিসেবে কাজ করতো। বারাদি বাজারে ইলেকট্রিক সামগ্রীর একটি দোকানও রয়েছে তার।

নিজ বাড়ির গোয়াল ঘরের পাশ দিয়ে বিদ্যুতের লাইন টানা ছিলো। সেখানে একটি সিমগাছের লতা তারের সাথে জড়ানো ছিলো। বাড়িতে লালন পালন করা একটি গরু সিমের লতা সহ বিদ্যুতের তার চাবাতে যেয়ে বিদ্যুতায়িত হয়। গরুটিকে বাঁচাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হন তরিকুলও। এলাকাবাসী তাকে উদ্ধার মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

কুষ্টিয়ায় অ্যালকোহল পানে এক ব্যক্তির মৃত্যু

কুষ্টিয়ায় অতিরিক্ত অ্যালকোহল পান করে বিষক্রিয়ায় আবুল কাশেম
(৪০) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। আজ রোববার (৩ ডিসেম্বর) সকালে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

আবুল কাশেম কুষ্টিয়া সদর উপজেলার দুর্বাচারা গ্রামের নুরুল ইসলাম পটল সাধুর ছেলে।

কুষ্টিয়া মডেল থানার উপ-পরিদর্শক মোস্তাফিজুর রহমান বলেন, আবুল কাশেম গত শুক্রবার রাতে অ্যালকোহল পান করে বাড়িতে যান। পরে গতকাল শনিবার ভোরের দিকে সে অসুস্থ্য হয়ে পড়ে। পরে তার স্বজনেরা তাকে চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রোববার সকালের দিকে তার মৃত্যু হয়। পুলিশ কাশেমের লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল কর্মকর্তা (আরএমও) ডা: তাপস কুমার সরকার জানান, শনিবার সকালে আবুল কাশেম নামের ওই ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করা। অ্যালকোহল পান করার পর বিষক্রিয়ায় সে অসুস্থ্য হয়ে পড়লে, তার স্বজনরা তাকে হাসপাতালে নিয়ে আসে।

ঝিনাইদহে কাস্টসাগরায় ইটভাটার গাড়ী চালকের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার উত্তর কাস্টসাগরা গ্রামের ফাইভ স্টার ইটভাটায় এস্কেভেটর দুর্ঘটনায় সবুজ কাজী (২৫) নামের এক চালকের মৃত্যু হয়েছে।

আজ রোববার (১৯ নভেম্বর) সকালে তার লাশ উদ্ধার করা হয়। নিহত সবুজ কাজী পাবনার সুজানগর উপজেলার সৈয়দপুর গ্রামের দুলু কাজীর ছেলে।

নিহতের ভাই সোহাগ কাজী জানায়, রাত ১১ টার দিকে এক্সেভেটর দিয়ে মাটি কাটছিলো তার ভাই সবুজ কাজী। মেশিনের চেইন ছিঁড়ে গেলে ডান পাশের জানালা দিয়ে চাকা দেখার চেষ্টা করছিলো। সেসময় দুর্ঘটনাবশত মেশিনের বাকেটের বুম মাথায় লেগে ঘটনাস্থলেই সে মারা যায়।

এই ঘটনায় ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন বলেন, লাশ উদ্ধার

করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় সদর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

আলমডাঙ্গায় ইজিবাইকের ধাক্কায় মাদ্রাসা শিক্ষার্থীর মৃত্যু

আলমডাঙ্গার ছত্রপাড়ায় ইজিবাইকের ধাক্কায় আফিয়া (৬) নামের এক মাদ্রাসা শিক্ষার্থী নিহত হয়েছে। বুধবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলার ডাউকি ইউনিয়নের ছত্রপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত আফিয়া ছত্রপাড়া গ্রামের আফজাল হোসেনের কন্যা। সে স্থানীয় নুরানি মাদ্রাসার প্রথম শ্রেণীর ছাত্রী ছিল।

স্থানীয়রা জানায়, আফিয়া বেলা সাড়ে ১২ টার দিকে মাদ্রাসা থেকে বাড়ি ফিরছিল। পথে রাস্তা পারাপারের সময় একটি ইজিবাইক তাকে চাপা দেয়। এ ঘটনায় স্থানীয়রা ওই ইজিবাইককে ধাওয়া করলে সে পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে আলমডাঙ্গা হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক আফিয়াকে ভর্তি করেন। তার শারীরিক অবস্থা অবনতি হলে বিকেলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। পথেই আফিয়ার মৃত্যু হয়। সন্ধ্যার পর পুলিশ আফিয়ার লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করেছে।

আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) মারজাহান জানান, শিশু আফিয়ার লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। এ ঘটনায় শিশুর পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা করেছেন।

মেহেরপুরের আমঝুপিতে বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ হারালেন গৃহবধু

মেহেরপুরের আমঝুপি গ্রামের শেখ পাড়ায় নিজ বাড়িতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বিলকিস বেগম (৫২) নামের এক গৃহবধুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় আমঝুপির শেখ পাড়ায় এ দুর্ঘটনা ঘটে। বিলকিস বেগম অবসরপ্রাপ্ত বিজিবি সদস্য মনিরুল ইসলামের স্ত্রী।

পরিবার সূত্রে জানা গেছে, ঘটনার সময় বিলকিস বেগম নিজ বাড়ির ধানের গুদামঘরের দরজা খুলতে যেয়ে বিদ্যুতায়িত হন। বিলকিস বেগম এক পুত্র ও দুই কন্যার জননী। তার এক কন্যা কিছুদিন আগে অসুস্থতাজনিত কারেণ মারা গেছেন।

মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

কোটচাঁদপুরে বাসের ধাক্কায় কলেজ শিক্ষার্থী শাকিলের মৃত্যু

বাসের ধাক্কায় কোটচাঁদপুরে এইচ এস সি পরিক্ষার্থী শাকিল বিশ্বাসের মৃত্যু হয়েছে। শনিবার (৩০-০৯-২৩) দুপুরে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুর – কালিগঞ্জ সড়কের ফারাবি ড্রাগ হাউজের সামনে। এ ব্যাপারে থানায় মামলা করবেন বলে জানিয়েছেন মৃতের পরিবার।

প্রত্যক্ষদর্শী জুয়েল হোসেন বলেন,শনিবার বেলা ১২ টা বাজে।

জীবননগর থেকে সিজান পরিবহনটি ছেড়ে আসছিল। আর একই দিক থেকে পানি বোঝাই ভ্যান নিয়ে আসছিল রিগ্যান পানির এস আর শাকিল বিশ্বাস। এ সময় বাসটি পিছন থেকে সজোরে তাকে ধাক্কা দেয়। এতে করে গুরুতর আহত হয় সে। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করেন।

বিষয়টি নিয়ে ওই গ্রামের সাবেক ইউপি সদস্য শহিদুল ইসলাম বলেন,কোটচাঁদপুর থেকে তাকে যশোরে রেফার্ড করেন। যশোরে চিকিৎসাধীন অবস্থায় শাকিলের মৃত্যু হয়েছে।

শাকিল বিশ্বাস (১৯)। সে কোটচাঁদপুরের জগন্নাথপুর গ্রামের লিটন বিশ্বাসের ছেলে। তাঁরা দুই ভাই বোন। শাকিল পরিবারের বড় ছেলে। সে ছিলেন কোটচাঁদপুর সরকারি কেএমএইচ ডিগ্রি কলেজের এইচএস সি পরিক্ষার্থী। আর একটা মাত্র পরীক্ষা দেয়া বাকি রয়েছে।

রিগ্যান পানির মালিক রিগ্যান বলেন,৩ মাস হল শাকিল আমার পানির বিক্রির এস আরের কাজ করছেন। শনিবার সকালে কারখানা থেকে পানি নিয়ে বিক্রি করতে বের হয়। পথিমধ্যে কোটচাঁদপুর চক্ষু হাসপাতালের সামনে এ ঘটনা ঘটে। আর মাত্র একটি পরীক্ষা বাকি আছে বলে জানিয়েছেন,তাঁর স্বজনরা।

এ ব্যাপার কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) কামরুজ্জামান বলেন,খবর পেয়ে ঘটনাস্থল থেকে বাসটি জব্দ করে থানায় আনা হয়েছে। মৃতের লোকজন থানায় আসছে জানতে পারলাম। তারা মামলা করলে,ব্যবস্থা নেয়া হবে।

দামুড়হুদায় পিকআপ ভ্যানের সাথে ধাক্কা; আলম সাধু চালকের

মৃত্যু

দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের খলিসাগাড়ী গ্রামের আব্দুল মজিদের ছেলে সালমান হোসেন (১৭) নামের এক যুবক আলমসাধু চালক গাড়ির গতি নিয়ন্ত্রণ হারিয়ে পিকাপের সাথে ধাক্কা লেগে গাড়ি থেকে ছিটকে খাদে পড়ে মর্মান্তিক ভাবে নিহত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪ টার দিকে মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের একটি মাঠ থেকে সালমান কলা ভর্তি আলমসাধু ফরিদপুর কাচা বাজারে বিক্রয়ের উদ্দেশ্যে যায়। কলা বিক্রয় শেষে বাড়ি আসার পথেই মধুখালী করিমপুরে এ সড়ক দুর্ঘটনা ঘটে।

সালমানের বাবা মজিদ জানান,আমার ছেলে কোন দিন এত দুর দুরান্তে গাড়ির ভাড়ায় যায়নি।কিন্তু গত সোমবার গাড়ির ভাড়া একটু বেশি পাওয়ার আশায় আলমসাধুতে কলা ভর্তি করে ফরিদপুরে যায়। সেখানে পৌঁছে কলা নামিয়ে আসার পথে পিকাপের ধাক্কায় সালমান নিহত হয়। স্থানীয় লাল্টু জানান, সালমান যখন আলমসাধু নিয়ে বাহির হয় তখন বলেছিলাম ওই রাস্তায় অনেক গতিরোধক(বিট) রয়েছে দেখে শুনে যাওয়ার অনুরোধ করেছিলাম কিন্তু তারপরও আলমসাধুর গতি নিয়ন্ত্রণ হারিয়ে সামনে থেকে আসা পিকাপের ধাক্কায় ছিটকে খাদে পড়ে নিহত হয়। আরও বলেন আনুমানিক ৩০/৪০ মিনিট পর সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে সালমানের মৃত লাশ উদ্ধার করেন। সালমানের পকেটে থাকা মোবাইল ফোনে ডাইল নাম্বারে যোগাযোগ করেন তার আত্মীয়স্বজনের নিকট।

পুলিশ সংবাদ দিলে সালমানের মরদেহের সন্ধান পাই পরিবারের লোকজন। তবে তার নিহতের সংবাদ ছড়িয়ে পড়লে গোটা গ্রামে শোকের ছায়া নেমে আসে।

কোটচাঁদপুর সাপের কামড়ে

[redacted]

[redacted] [redacted] [redacted] [

গতকাল বুধবার বিকালে নিজ বাড়িতে মৃত্যু বরণ করেন। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের বাগানপাড়ার বাসিন্দা ও সাইদুর মন্ডলের ছেলে।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের বাগনপাড়ার সাইদুর মন্ডলের ছেলে হাসান আলী মন্ডল (১৭) পারিবারিক কলহের জেরধরে গত ২০ জুলাই আগাছানাশক (বিষ) পান করে। সে অসুস্থ হয়ে পড়লে বাড়ির লোকজন তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করেন।

এ চিকিৎসার একপর্যায় তার শারীরিক অবস্থার অবনতি ঘটলে তাকে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন এবং সেখানে তার অবস্থার অবনতি ঘটলে গত ২৩ জুলাই নিজ বাড়ীতে নিয়ে আসেন। গতকাল বুধবার বিকাল ৫ টার দিকে নিজ বাড়িতে মৃত্যুবরণ করেন।